

১১



ছাত্রবেতন বৃদ্ধির প্রতিবাদে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন মহানগরী শাখা গতকাল সোমবার শহীদ মিনারে সমাবেশে এক মিছিল ধের করে।

কেন্দ্রীয় শহীদ মিনারে ছাত্র সমাবেশ ॥ শিক্ষা মহাপরিচালকের কাছে স্মারকলিপি পেশ

বাজকের প্রথম প্রসঙ্গি পরীক্ষার তারিখ পরিবর্তন

ছাত্র বেতন বৃদ্ধি প্রত্যাহার কর

(বিশু বিদ্যালয় সংবাদদাতা) রাজধানীর কয়েক হাজার স্কুল ছাত্র-ছাত্রী গতকাল সোমবার এক সমাবেশে মিলিত হয়ে বাজেক্টে ছাত্রবেতন বৃদ্ধির প্রস্তাবের প্রতিবাদ জানিয়েছে। সমাবেশে যোগ দারা মিছিল করে 'শিক্ষা ভবনে' যায় এবং শিক্ষা মহাপরিচালকের কাছে ১০-দফা মতলিত একটি স্মারকলিপি দেয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগরী শাখা আয়োজিত স্কুল ছাত্রছাত্রীদের সমাবেশটি গতকাল সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। রাজধানীর প্রায় ৬০টি স্কুলের ছাত্রছাত্রীরা এতে যোগ দেয় বলে সংগঠকরা জানিয়েছে।

ছাত্র ইউনিয়নের মহানগরী শাখা সভাপতি কাজী শফিকুলজামান লুইক সমাবেশে সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির সভাপতি মোঃ তাহের উম্মাহ, মহানগরী কমিটির কাজী সাজ্জাদ জহীর চন্দন, কাজী মোস্তাক জহীর বাবু, সৈয়দ উৎপল বখত এবং স্কুল ছাত্র ছাত্রীদের পক্ষে এস, আই সাইমন, সালমা খাতুন ও শেখ বশীর।


জনাব তাহের সমাবেশে বলেন, ছাত্রবেতন বৃদ্ধি করে সরকার। (সং: পৃ: ৩-এর ক: অ:)

আজ মঙ্গলবার পুনঃ প্রেরণ করা উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামী ১৩ই জুলাই অনুষ্ঠিত হবে। শিক্ষা মহাপরিচালকের এক সংবাদ বিজ্ঞপ্তির বরাতে এ নিয়ে বাসস এ খবর দিয়েছে। পরীক্ষার বিষয় ও সময়সূচী অপরিবর্তিত থাকবে।

মির্জাপুরে দুই দিন ছাত্রের মধ্যে সংঘর্ষ ১৪৪ ধারা জারি

মির্জাপুর, ২৯শে জুন (মির্জাপুর সংবাদদাতার কৌন) আজ মির্জাপুর পাইলট হাইস্কুলে দুই দিন ছাত্রের মধ্যে সংঘর্ষের ফলে ৪ জন আহত হয়েছে এবং মির্জাপুর বাজারে অনির্দিষ্টকালের জন্য ১৪৪ ধারা জারি করা হয়েছে। আহতদের মধ্যে ৩ জন ইউপি সদস্য ও কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদক রয়েছেন। এই ঘটনার ক্ষেত্র হিসেবে ৩৩ জনকে গ্রেফতার করা হয়েছে।

আজ সকাল ১০টার দিকে (সং: পৃ: ৪-এর ক: অ:)



১৪৪ ধারা জারি
(১ম পাতার পর)
মির্জাপুর হাইস্কুলে পৌঁট কুমারী ও কোরাইল গ্রামের দু'দল ছাত্রের মধ্যে গাওয়ানি শুরু হয়। মারামারি ধানিতে বেয়ে মির্জাপুর কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদক হজরত নিয়া ও কলেজ ছাত্র নাজিম আহত হয়। বেলা ১২টার দিকে এই ঘটনা এ দু'গ্রামের জনগণের মধ্যে ছড়িয়ে পড়ে। ষাওয়াপালটা ষাওয়ার এক পর্যায়ে মির্জাপুর বাস টায়ে উভয় গ্রামের জনগণ সংঘর্ষে লিপ্ত হয়। সেখানে কোরাইল গ্রামের নুরুল ইসলাম মসজিদে ইউপি সদস্য গুরুতর আহত হন। আহতদের মির্জাপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ নুয়ে বলা হয়েছে, মারমুখো জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশ ১৩ রাউণ্ড গুলী ছুড়েছে।

ছাত্র বেতন
(১ম পাতার পর)
ছাত্র সমাজের শিক্ষা জীবন সংস্কৃত করে দিতে চায়। এই 'ছাত্র' রুখে নাড়ানোর জন্য তিনি ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান। সভাপতির ভাষণে জনাব লুইক মহানগরীর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ছাত্রবেতন বৃদ্ধি প্রতিরোধ পরিষদ গঠন এবং প্রয়োজনে ঢাকা লাগানোর আহ্বান জানান। পরে শিক্ষা মহাপরিচালকের কাছে দেয়া স্মারকলিপিতে বলা হয়, শিক্ষাক্ষেত্রে বিদ্যমান সংকটের পটভূমিতে সরকারের ওই সিদ্ধান্ত বর্তমান সংকটকে আরো গভীর করে তুলবে। স্মারকলিপিতে উল্লেখিত দাবীগুলো হচ্ছে ছাত্রবেতন বৃদ্ধির ঘোষণা প্রত্যাহার শিক্ষাক্ষেত্রে সরকারী ব্যয় ও শিক্ষা প্রতিষ্ঠানের আসন বাড়ানো, বিনামূল্যে টিফিন ও পোশাক সরবরাহ করা, ছাত্র বৃত্তি ও হোষ্টেলে সীট বৃদ্ধি, বিজ্ঞান ভিত্তিক গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু, স্কুলের মানের রাস্তার গতিরোধক নির্মাণ, ছাত্র-ছাত্রীদের সামাজিক নিরাপত্তার নিশ্চয়তা বিধান ইত্যাদি।

১৫২ আখা ১৩২৪